

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৫৫৫.২০১৫- ২৪৮০


তারিখ : ৩/১২/১৫

বিষয় : রীট পিটিশন নং-১১৭৩১/২০১৫, বাদী জনাব মোঃ মশিউর রহমান প্রধান, উপ-সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, গাইবান্ধা, পিতা-মৃত আব্দুল মোতালেব প্রধান, মাতা-মোছাঃ মনোয়ারা বেগম, গ্রাম-শ্যামপুর, থানা-সাঘাটা, জেলা-গাইবান্ধা-বনাম-সরকার ও অন্যান্য।

এলজিইডি'র আওতায় কর্মরত উপ-সহকারী প্রকৌশলী, জনাব মোঃ মশিউর রহমান প্রধান গাইবান্ধা জেলা পরিষদে কর্মরত ছিলেন, তাঁহাকে জেলা পরিষদ হতে গাইবান্ধা জেলাধীন সুন্দরগঞ্জ উপজেলা প্রকৌশলীর দপ্তরে উপ-সহকারী প্রকৌশলী পদে বদলী করায় বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১৭৩১/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করতঃ সময় সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(পাপিয়া হায) ০৩/১২/১৫
সহকারী সচিব
ফোন-৯৫৭৬৫০৫।

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, গাইবান্ধা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
- ৩। যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপসচিব (জেপ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।